
চ্যাটজিপিটি প্রম্পট ছাপিয়ে সমালোচনায় পাকিস্তানের শীর্ষ পত্রিকা ‘ডন’



সংগৃহীত ছবি

পাকিস্তানের অন্যতম শীর্ষ ইংরেজি দৈনিক ডন অনিচ্ছাকৃতভাবে তাদের এক ব্যবসায়িক প্রতিবেদনে চ্যাটজিপিটির একটি সম্পাদনাসূচক বাক্য (প্রম্পট) ছাপিয়ে ফেলেছে। ঘটনাটি ঘটেছে “Auto sales rev up in October” শিরোনামের প্রতিবেদনে, যা প্রকাশের পর সামাজিক মাধ্যমে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে।

প্রতিবেদনটির এক অংশে দেখা যায়, “Pakistan Ka Unpaid Intern Hoga” লেখা একটি চ্যাটজিপিটি স্টাইলের লাইন সরাসরি ছাপা হয়েছে, যা স্পষ্টতই কোনো সম্পাদনা নির্দেশনা ছিল। এই ভুলটি চোখে পড়তেই পাঠক ও নেটিজেনরা ডন পত্রিকাকে সমালোচনায় মুখর করেন।

অনেকে মন্তব্য করেছেন, একসময় দেশের সাংবাদিকতার মানদণ্ড হিসেবে বিবেচিত ডন-এর এমন ত্রুটি অত্যন্ত বিব্রতকর। অন্যদিকে অনেকে বলেছেন, এ ঘটনাটি স্মরণ করিয়ে দেয় যে—এআই (AI) টুল ব্যবহার যতই জনপ্রিয় হোক না কেন, মানবসম্পাদনা ও প্রুফরিডিংয়ের গুরুত্ব এখনও অপরিহার্য।

উল্লেখ্য, ১৯৪১ সালে পাকিস্তানের প্রতিষ্ঠাতা মুহাম্মদ আলী জিন্নাহর উদ্যোগে প্রতিষ্ঠিত ডন পত্রিকাটি বহু দশক ধরে দেশটির সবচেয়ে প্রভাবশালী ইংরেজি দৈনিক হিসেবে খ্যাত। এই সাম্প্রতিক ভুলটি পত্রিকার সম্পাদকীয় মান নিয়ে নতুন করে প্রশ্ন তুলেছে।